মানবাধিকার কমিশন গঠন অধ্যাদেশ অনুমোদন করেছে উপদেষ্টা পরিষদ

হুমায়ুন কবির খোকন: অবেশেষে স্বাধীনতার ৩৬ বছর পর ড. ফখরুদ্দীন আহমদের নেতৃত্বাধীন তত্ত্বাবধায়ক সরকার মানবাধিকার কমিশন গঠনের উদ্যোগ নিয়েছে। এর আগে বেশ কয়েকটি গণতান্ত্রিক সরকার ক্ষমতায় এলেও তাদের কেউই মানবাধিকার কমিশন গঠন করেনি। গতকাল উপদেষ্টা পরিষদের বৈঠকে মানবাধিকার কমিশন গঠনের বিষয়ে চূড়ান্ত অনুমোদন দেয়া দেয়া হয়।

▶শেষ পাতায়

৩৬ বছর পর দেশের মাটিতে বীরশ্রেষ্ঠ হামিদুর ।। দেহাবশেষ কুমিল্লায়



দেশের মাটিতে ফিরেছেন বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান। যে দেশের মুক্তির জন্য ১৯৭১ সালে জীবন বিসর্জন দিয়েছেন সেই দেশের শ্যামল মাটিতে ৩৬ বছর পর ফিরিয়ে আনা হয়েছে তার দেহাবশেষ। সোমবার কুমিলার বিবিরবাজার

▶শেষ পাতায়

অংশীদারিত্ব বিল (২০০৭) সাইক্লোন দুর্গত বাংলাদেশের জন্য সহায়ক হবে

বলে কংগ্রেসম্যান জিম ম্যাকডারমট এর আশাবাদ

মার্কিন কংগ্রেসম্যান জিম ম্যাকডারমট কংগ্রেসে তাঁর সহকর্মীদের উদ্দেশ্যে উন্নয়নের জন্য অংশীদারিত্ব বিল (এন.পি.ডি .এ) ২০০৭ পাশে সহায়তা করার জন্য পুনরায় আহ্বান জানিয়েছেন। উলেখ্য, কংগ্রেসম্যান

▶শেষ পাতায়

ঢাকায় প্রবাসী বাংলাদেশী সম্মেলনকে লস এঞ্জেলেসবাসী স্বাগত জানিয়েছেন

nb 2007 Conference Dhaka

First Non Resident Bangladeshi Conference 2007

আগামী ২৭,২৮ ও ২৯ ডিসেম্বর, ২০০৭ প্রথমবারের মতো ঢাকায় তিন দিন ব্যাপী প্রবাসী বাংলাদেশী সম্মেলনকে স্বাগত জানিয়ে বিভিন্ন ধরণের বক্তব্য রেখেছেন লস এঞ্জেলেসবাসী।

▶পৃ..৩

2wenty One
আমাদের সংস্কৃতির অসীম অহংকার

একুশ

পশ্চিম উপকূলের বাংলা পত্রিকা
Bangla Newspaper From West Coast

Ekush / 2wenty One (Bengali Community Newspaper) Hollywood, California, USA ▲ Volume 02, Issue 14 ▲ December 11, 2007 ▲ www.ekush.info ▲ ১১ ডিসেম্বর ২০০৭, মঙ্গলবার ▲ ২৯ জিলকদ ১৪২৮ ▲ ২৭ অগ্রহায়ণ ১৪১৪

ATN BANGLA অবিরাম বাংলার মুখ

"বাংলাদেশে বর্তমানে যে সংস্কারের জোয়ার উঠেছে এই ধরণের সংস্কারের কোন মূল্য নেই, গঠনতন্ত্রের সংস্কার দরকার।"

এটিএন বাংলার চেয়ারম্যান মাহফুজুর রহমানের এক্সক্লুসিভ সাক্ষাতকার

একুশ মিডিয়া

সম্প্রতি এটিএন বাংলার চেয়ারম্যান মাহফুজুর রহমান এসেছিলেন লস এঞ্জেলেসে। এখানে তিনি এটিএন বাংলার ওয়েস্ট কোস্ট রিজিয়নের তৎপরতা বৃদ্ধির জন্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে প্রবাসীদের সাথে আলাপ আলোচনা করতে এসেছিলেন। একুশ মিডিয়া হোটেল বোনাভেঞ্চারে তার সাথে একান্তভাবে সাক্ষাৎ করে। সাক্ষাতকালীন যে সকল বিষয়াদি নিয়ে খোলামেলা আলোচনা হয়েছিলো তা পাঠকদের জন্য আমরা তুলে ধরছি।

জনাব মাহফুজুর রহমান বললেন, বাংলাদেশে যারা ৩৫ বছর ধরে দুর্নীতি করে আসছেন, আজ তারা তত্ত্বাবধায়কের মাধ্যমে দুর্নীতির দায়ে জেলে রয়েছেন। সেই সকল দুর্নীতিবাজদের জন্য প্রবাসের কতিপয় ব্যক্তিবর্গ চিৎকার করছেন, কান্নাকাটি করছেন। অথচ এরাই দেশের মানুষকে শোষণ করছে, তার জন্য কোন কথা বলছে না। ভাবতে লজ্জা লাগে। জিজ্ঞাসা করেছিলাম প্রবাসে দলীয় রাজনীতি করার ব্যাপারে আপনার কি কোন আপত্তি আছে ? প্রতি উত্তরে তিনি বললেন, অবশ্যই আছে। দলীয় রাজনীতি করে লাভ কি ? বরঞ্চ ক্ষতির পরিমাণ বেশী। প্রবাসে দলের নয় দেশের প্রতিনিধিত্ব করার আহ্বান জানান। তিনি বলেন, দলীয় কোন্দলে শরীক হয়ে প্রবাস থেকে আপনারা কোন উপকারই করতে পারবেন না। দেশের উপকার করতে হলে আপনাকে মূলধারার রাজনীতির আথে সম্পৃক্ত হতে হবে।

▶পৃ..২

যে মৃত্যু সীমাহীন গৌরবের

কালের যাত্রার ধ্বনিতে সভ্যতার ক্রমবিকাশে মানুষ চিহ্নিত হতে থাকলো নিজস্ব ভাষা, কৃষ্টিতে, বিভিন্ন ভৌগলিক সীমারেখায় স্বাধীন সার্বভৌম জাতি হিসেবে এই পৃথিবী নামক গ্রহটিতে। আবার মানুষ তার বিচিত্র জীবনবোধে ভোগের সাম্রাজ্যে আগ্রাসনের তেজী ঘোড়া দাবড়িয়ে নির্যাতন করেছে অন্য দেশ, অন্য জাতিকে। দেশ দখল করে নেওয়ার বাসনায় সংঘটিত সশস্ত্র সংগ্রাম ও যুদ্ধে নিয়োজিত হয়েছে। নিজ দেশকে বাঁচাতে জীবন উৎসর্গ করেছে অগণিত মানুষ। ইতিহাস তার সাক্ষী। দেশকে বাঁচাতে যাদের মৃত্যু হলো তাদের মৃত্যু সীমাহীন গৌরবের। তারা শতাব্দীর পর শতাব্দী বেঁচে থাকেন ইতিহাসে এবং মানুষের অন্তরে। বিজয় দিবসে একুশের শ্রদ্ধা...



লস এঞ্জেলেস, নভেম্বর ২৫, ২০০৭। পরদেশের সামনে বসে $২,৫০০ ডলার তুলে ফেলেছেন জান্নাত আরা মেরী, নার্গিস আমিন, জেবুন আলম, সেলিমা আক্তার. সেলিমা ওয়াহেদ, সেলিমা আলম, শাহীন পারভীন স্বপন ও অন্যান্যরা। ছবি-একুশ

১৯ ডিসেম্বর ঈদুল আজহা

ঈদ মোবারক EID MUBARAK

একুশ ডেস্ক

পবিত্র জিলহজ্ব মাসের চাঁদ দেখা গেছে। লস এঞ্জেলেসের দি ইসলামিক সেন্টার অব সাউদার্ণ ক্যালিফোর্ণীয়া আগামী ১৯ ডিসেম্বর, বুধবার, ২০০৭ পবিত্র ঈদুল আজহা উদযাপনের তারিখ ঘোষনা করেছে। বাংলাদেশে ২১ ডিসেম্বর শুক্রবার পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। লস এঞ্জেলেস কনভেনশন সেন্টারের কনকোর্স হলে (1201 South Figueroa Street, Los Angeles, CA 90015, For more information call: 213 382-9200 or visit us on the web: www.islamctr.org) তাকবীর হবে সকাল ৭ টায় ও নামাজ ৭:৩০ মি:। সর্বমেষ প্রাপ্ত সংবাদে ভ্যালীর ইসলামিক সেন্টার নর্থরীজের (11439 Encino Ave, Granada Hills, CA, Ph:818-360-3500) ক্যালেন্ডার অনুযায়ী ২০ ডিসেম্বর, ফেয়ারপ্লেক্স পোমনাতে (Ph: 909 593 1865, 909 620-5131) ১৯ ডিসেম্বর পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। তবে তারিখ পরিবর্তন হতে পারে, আপনার স্থানীয় মসজিদে যোগায়োগ করুন। একুশ পত্রিকার সকল পাঠক, শুভানূধ্যায়ী, বিজ্ঞাপন দাতা সহ সবাইকে আমাদের পক্ষ থেকে পবিত্র ঈদের শুভেচ্ছা।

দুর্নীতির কারণে প্রতি বছর দেশের ৭ হাজার কোটি টাকার অপচয় হয়

মানিকগঞ্জে হাসান মশহুদ বললেন

শহিদুল ইসলাম সুজন, মানিকগঞ্জ থেকে: দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়ে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান হাসান মশহুদ চৌধূরী বলেছেন, প্রতি বছর দুর্নীতির কারণে দেশে ৭ হাজার কোটি টাকার অপচয় হয়। এই টাকা দিয়ে কয়েক হাজার শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা সম্ভব।

তিনি গতকাল মানিকগঞ্জ সরকারি দেবেন্দ্র কলেজ মিলনায়তনে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

দুদক চেয়ারম্যান বলেন, দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার সুযোগ পরে নাও আসতে পারে। আর্থিক নয়, দুর্নীতির মূল কারণ সামাজিক মুল্যবোধের অবক্ষয় বলেও তিনি মন্তব্য করেন। তিনি বলেন, উকিল, পুলিশ ও জেলহাজতে দিয়ে দেশ থেকে দুর্নীতি দূর করা সম্ভব নয়। বাংলাদেশে দুর্নীতির বড় কারণ ক্ষমতার অপব্যবহার।

হাসান মশহুদ আরও বলেন, দেশের ৭০ শতাংশ লোকের টাকার অভাব আছে, তবে সবাই দুর্নীতিগ্রস্ত নয়।

বাংলাদেশের মানুষের জন্য প্রবাসীদের সহমর্মিতা

লস এঞ্জেলেস প্রবাসীদের কর্মতৎপরতা

▶সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে এ পর্যন্ত ১২২ হাজার ডলার দেশে প্রেরন

ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থদের পাশে দাঁড়ানোর জন্য প্রবাসীর মানুষ তৎপর হয়ে উঠেছে। যে যেভাবে পারছেন সাহায্য করতে উন্মুখ হয়ে আছেন। ৬ ঘন্টায় স্বদেশী ও পরদেশের সামনে বসে $২,৫০০ ডলার তুলে ফেলেছেন জান্নাত আরা মেরী, নার্গিস আমিন, জেবুন আলম, সেলিমা আক্তার. সেলিমা ওয়াহেদ, সেলিমা আলম, শাহীন পারভীন স্বপন, প্রমুখ। এমনিভাবে ঘরের মানুষও বসে নেই। বস্ত্রের আহ্বানে প্রবাসী ও মূলধারার মানুষ যার যা আছে তাই দিয়ে যাচ্ছে বাংলাদেশ সেন্টারে। বস্ত্রের পাহাড় হয়ে গেছে। মসজিদ সমূহ মোটা অংকের অর্থ সংগ্রহ করে পাঠিয়েছে। ব্যক্তিগতভাবে এবং সাংগঠনিকভাবে মানুষ অর্থ সংগ্রহ করছে। শাহনাজ এন্টারপ্রাইজের আলী আজম সংগ্রহ করেছে অর্থ যা সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে পাঠচ্ছেন। মূলতঃ অর্থ সবই সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে বিভিন্ন সংগঠন দেশে পাঠাচ্ছেন। কনসাল জেনারেলও সংগৃহিত অর্থ সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে পাঠাবে।

ভ্যালী এসোসিয়েশন তহবিল সংগ্রহ করছে। ভ্যান নাইস মসজিদ থেকে কাজী জিহাদ $২৫০০ টাকা ব্যক্তিগতভাবে সংগ্রহ করেন। ব্যক্তিগতভাবে ও গ্রুপের সহায়তায় অর্থ সংগ্রহ করছেন মমিনুল হক বাচ্চু, জলিল খান, সোহেল রহমান বাদল, ইশতিয়াক চিস্তি, ডঃ জয়নাল আবেদিন, শংকু আইচ, মিজান শাহীন, আহমেদ কবীর, সালেহ ভাই, মাহমুদ রেজা, মোঃ শিপার, এনামুল হক এমরান, ফেরদৌস খান, সিদ্দিকুর রহমান সিদ্দিক, ডাবলু আমিন. আলী আশরাফ রুনু, এহিয়া, মিলন, শামীম হোসেন, জাকির হোসেন, খন্দকার আলম, খসরু. জেনেট বিশ্বাস, কান্চন চৌধুরী, আনিসুর রহমান, নাজমুল চৌধুরী ও প্রমুখ। জানা গেছে লস এঞ্জেলেস থেকে আমেরিকান ১২ জনের একটি টীম বাংলাদেশে যাচ্ছেন ত্রাণ সামগ্রী বিতরণের জন্যে। তথ্যটি আমাদের জানিয়েছেন জনাব মমিনুল হক বাচ্চু। লস এঞ্জেলেসের ত্রাণ তৎপরতা নিয়ে আপডেটসহ আগামী সংখ্যায় বিস্তারিত লেখা হবে। আপনাদের কর্মতৎপরতার রিপোর্ট পাঠানোর জন্য আহ্বান জানানো যাচ্ছে।

সেনাপ্রধানের আহ্বান দুর্গম এলাকায় ত্রাণ তৎপরতা বাড়ান

বাসস

সেনা প্রধান জেনারেল মইন উ আহমেদ ঘূর্ণিদুর্গতদের মাঝে ত্রাণ বিতরণের ক্ষেত্রে আরো সমন্বিত প্রচেষ্টা গ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন এবং সাহায্যকর্মীসহ সংশিষ্ট সকলের প্রতি ক্ষতিগ্রস্ত লোকদের কাছে ত্রাণ পৌঁছানো নিশ্চিত করতে দুর্গম এলাকায় তাদের তৎপরতা বাড়ানোর আহ্বান জানিয়েছেন।

তিনি গতকাল সোমবার ঢাকা সেনানিবাসে বিভিন্ন সংগঠন ও ব্যক্তির কাছ থেকে নগদ অর্থসহ ত্রাণসামগ্রী গ্রহণকালে বলেন, 'আমরা লক্ষ্য করছি যে, বিভিন্ন সংগঠন ও ব্যক্তিবর্গ নানা যানবাহনের মাধ্যমে যেসব এলাকায় সহজে যেতে পারছে কেবল সেখানে ত্রাণসামগ্রী বিতরণ করছে এবং ফলে অত্যন্ত দুর্গম এলাকার লোকেরা কম সাহায্য পাচ্ছে।'

তিনি দাতাদের আশ্বস্ত করেন যে, তাদের নগদ ও সরঞ্জাম উভয় প্রকার সাহায্য প্রকৃত দুর্গতদের হাতে পৌঁছবে এবং সকল অর্থ তাদের কল্যাণে ব্যয় হবে। এমনকি এই সাহায্যের কোন একটা অংশ ত্রাণসামগ্রী পরিবহনের কাজেও ব্যয় হবে না।

তিনি আরো বলেন, 'আমরা দানকৃত অর্থ কেবল ত্রাণসামগ্রী হিসাবে বিতরণ করবো না, আমরা ঘূর্ণিদুর্গত এলাকায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে কতিপয় নির্মাণ প্রকল্প গ্রহণ করতে চাই।'

ঘূর্ণিদুর্গত প্রত্যেক পরিবারের জন্য সরকারের ১০ হাজার টাকা বরাদ্দের উলেখ করে জেনারেল মইন বলেন, এই পরিমাণ টাকা পরিস্হিতি মোকাবেলার জন্য যথেষ্ট নয়। তিনি দেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় এলাকাগুলোতে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি নির্মাণে দুর্গত লোকদের সাহায্যে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, যেসব জেলে তাদের জাল ও নৌযান হারিয়েছেন আমরা তাদেরকে সমবায়ের অধীনে নিয়ে আসবো যাতে তারা আবার মাছ ধরতে সাগরে ফিরে যেতে পারে। তিনি আরো বলেন, ইতোমধ্যে উদ্যোগ শুরু করা হয়েছে।

শরণখোলায় দুর্গত এলাকাগুলোতে তার সফরের অভিজ্ঞতা বর্ণনা করে সেনা প্রধান বলেন, ঘূর্ণিঝড়ে এলাকায় সব মসজিদ ও মন্দির ভেঙ্গে পড়েছে। কিন্তু এখনো এসব ধর্মীয় প্রতিষ্ঠান পুনর্নির্মাণ করা যায়নি।

তিনি বলেন, সেনা বাহিনীর অফিসাররা শরণখোলায় ক্ষতিগ্রস্ত মসজিদগুলো নির্মাণ করতে তাদের একদিনের বেতন দান করার সিদ্ধান্ত নিয়েছেন।

তিনি আশা প্রকাশ করেন যে, প্রতিটি সংস্হা ক্ষতিগ্রস্তদের শিগগির স্বাভাবিক জীবনে ফিরে যেতে সাহায্য করতে ঘূর্ণদুর্গত এলাকাগুলোতে স্কুল, কলেজ ও বাড়িঘর নির্মাণে অনুরূপ পদক্ষেপ নেবে। তিনি বলেন, ক্ষতিগ্রস্ত লোকজনের যথাযথ পুনর্বাসন না হওয়া পর্যন্ত অফিসার ও সেনারা ঘূর্ণিদুর্গত এলাকা থেকে ফিরবে না।

তিনি বলেন, 'দেশের জনগণকে আমি বলতে চাই যে, বাংলাদেশ সেনাবাহিনী হচ্ছে আপনাদের সেনাবাহিনী, যা আপনাদের পাশে রয়েছে এবং আমরা ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসিত করতে যেকোন বিপদ মোকাবেলা করতে প্রস্তত। আমরা কেবল আপনাদের উৎসাহ চাই।'

এক বছরে গ্রেফতার প্রায় সাড়ে ৪ লাখ

হুমায়ুন কবির খোকন: চলতি বছরের ১২ই জানুয়ারি থেকে ৬ই ডিসেম্বর পর্যন্ত সন্ত্রাস বিরোধী অভিযানে চার লাখ ৩৭ হাজার চার শ' ৬৬ জনকে গ্রেফতার করেছে আইন-শৃপখলা রক্ষাকারী বাহিনী। গ্রেপ্তারকৃতদের মধ্যে ঘোষিত অপরাধী সাত ৭৮ জন, গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত আসামি দুই লাখ ৩৯ হাজার চার শ' ৮০ জন এবং অন্যান্য আসামি এক লাখ ৯৭ হাজার দুই শ' আট জন। এ সময়ের মধ্যে তিন হাজার তিন শ' ৯৮টি বিভিন্ন ধরনের অস্ত্র এবং ৭৬ হাজার ছয় শ' ৩৩ রাউন্ড গুলি ও দুই হাজার ৪৭টি বিস্ফোরক দ্রব্য উদ্ধার করা হয়। গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ১৩তম সভায় এ তথ্য জানানো হয়।

স্থানীয় নির্বাচনে প্রার্থী হলেই দলীয় পদ ছাড়তে হবে

নির্বাচন কমিশন নতুন আইন করছে

সিটি কর্পোরেশনসহ স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হতে হলে ছাড়তে হবে রাজনৈতিক দলের পরিচয়ও পদ-পদবী। আগামী মার্চ কিংবা এপ্রিলে সম্ভাব্য সিটি কর্পোরেশন নির্বাচন থেকে এ বিধান কার্যকর করতে চায় নির্বাচন কমিশন (ইসি)। কমিশন এ সংক্রান্ত একটি আইনের খসড়া প্রস্তুত করছে। সিটি কর্পোরেশন ছাড়াও উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচনের ক্ষেত্রে এ আইনটি প্রযোজ্য হবে। কমিশন স্থানীয় সরকারের অরাজনৈতিক চরিত্র পুনরুদ্ধার করতে এ ব্যবস্থা নিচ্ছে বলে সংশিষ্ট সূত্র জানিয়েছে।

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ড. এ টি এম শামসুল হুদাও গতকাল মঙ্গলবার লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) সঙ্গে নির্বাচনী আইন সংস্কার নিয়ে অনুষ্ঠিত সংলাপ চলাকালে এ ইঙ্গিত দেন। তিনি এলডিপি নেতৃবৃন্দকে বলেন, সিটি কর্পোরেশন নির্বাচনের জন্য সংশিষ্টদের দলীয় পদ ছাড়তে হবে। নির্বাচন কমিশন আগামী মার্চ-এপ্রিলের মধ্যে ঢাকা, রাজশাহী, খুলনা, সিলেট ও বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন সম্পন্ন করতে চায়। কমিশনের এ ঘোষণার পর থেকেই এসব স্থানে রাজনৈতিক নেতাদের মধ্যে নির্বাচন নিয়ে তোড়জোড় শুরু হয়ে গেছে। রাজনৈতিক দলের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ ইতিমধ্যে দলীয় ফোরামে মনোনয়ন পেতে ধর্ণা দিতে শুরু করেছেন। এর মধ্যে ঢাকা, রাজশাহী ও খুলনা সিটি কর্পোরেশনের মেয়াদ শেষ হয়ে গেছে। আগামী মার্চে সিলেট ও বরিশাল সিটি কর্পোরেশনের মেয়াদও শেষ হবে। নিয়ম অনুযায়ী মেয়াদ শেষের ১৮০ দিনের মধ্যে এসব নির্বাচন করতে হয়। এর পাশাপাশি অন্ততঃ দশটি পৌরসভা নির্বাচনও করতে চায় কমিশন। *[ইত্তেফাক]*

র‌্যাংগস ভবনে উদ্ধার কাজ চলছে ঢিমেতালে :

বিশ্ব মানবতা দিবসে শিকে ঝুলছে পচা লাশ

ফয়ছাল আলম

হঠাৎ ধসে পড়া র‌্যাংগস ভবনের আশপাশে গতকাল সোমবার থেকে লাশের গন্ধ ছড়িয়ে পড়েছে। আর এতে করে ভবনে আটকেপড়াদের ভাগ্যে নিশ্চিত মৃত্যু ছাড়া অন্যকিছু ভাবতে পারছে না আত্মীয়-স্বজনরা। আটকেপড়াদের মধ্যে ৮ জনই এক বংশের সদস্য। এদিকে উদ্ধার কাজের জন্য ৪টি প্রতিষ্ঠানকে নিয়োগ দেয়া হলেও আগামী ২ দিনের মধ্যে তারা উদ্ধার কাজে অংশ নিতে পারছে না। আটকেপড়া শ্রমিকদের স্বজনরা রবিবার থেকেই র‌্যাংগস ভবনের আশপাশে অবস্'ান নেন। ওইদিন স্বজনরা বেঁচে থাকার আশায় বুক বাঁধলেও গতকাল অনেকেই সে আশা ছেড়ে দিয়েছেন। কেউ-কেউ এজন্য কান্নায় ভেঙ্গে পড়েছেন। এছাড়া গতকাল সোমবার সকাল থেকেই র‌্যাংগস ভবনের আশপাশে লাশের দুর্গন্ধ ছড়িয়ে পড়েছে। ভবনে ঝুলন্ত ৩ জন নিহতের লাশ গতকালও উদ্ধার করা সম্ভব হয়নি। আটকে পড়াদের স্বজনরা জানিয়েছেন ফরিদপুর এলাকার ১০ জনের ৮ জন একই বংশের লোক। এরা মধুখালী থানার খোপাঘাট গ্রামের বাসিন্দা বলে নিকটাত্মীয় জাহাঙ্গীর জানিয়েছেন। তার মতে এ ৮ জনের মৃত্যু নিশ্চিত। এদিকে উদ্ধারকাজের জন্য গতকাল থেকে ৪টি প্রতিষ্ঠানকে নিয়োগ দেয়া হয়েছে।

রাষ্ট্রপতির সাধারণ ক্ষমার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করলেন শিক্ষকরা

রাবির চার শিক্ষক মুক্তি পেলেন:

মহামান্য রাষ্ট্রপতির সাধারণ ক্ষমায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দণ্ডপ্রাপ্ত ৪ শিক্ষক মুক্তি পেয়েছেন। এরা হলেন রাবি ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক মলয় ভৌমিক, গণযোগাযোগ বিভাগের সহকারী অধ্যাপক সেলিম রেজা নিউটন, দুলাল চন্দ্র বিশ্বাস ও আব্দুল্লাহ আল মামুন।

গতকাল সোমবার বিকাল ৩টা ৩৮ মিনিটে রাষ্ট্রপতির সাধারণ ক্ষমার আদেশটি আসে রাজশাহী কেন্দ্রীয় কারাগারে ফ্যাক্সযোগে। ডিআইজি প্রিজন কারাগারের আনুষ্ঠানিকতা সেরেই ৩টা ৪০ মিনিটে তাদের মুক্তি দেন। মুক্তি পেয়েই শিক্ষকরা রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহম্মেদ এবং মুক্তির দাবিতে যারা আন্দোলন করে আসছিলেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা বলেন, মহামান্য রাষ্ট্রপতির এই সিদ্ধান্ত দেশকে আরও এগিয়ে নিয়ে যাবে। এসময় জেল গেটে অধ্যাপক মলয় কুমার ভৌমিকের স্ত্রী স্বপ্না ব্যানার্জি, দুলাল চন্দ্র বিশ্বাসের স্ত্রী সঞ্চিতা রায়, সেলিম রেজা নিউটনের স্ত্রী সুস্মিতা চক্রবর্তী ও আব্দুল্লাহ আল মামুনের স্ত্রী উদিসা ইসলামসহ উপস্থিত বিশ্ববিদ্যালয়ের কয়েকশত ছাত্র-শিক্ষক ও পরিবারের সদস্যরা মুক্তিপ্রাপ্ত শিক্ষকদের ফুলেল শুভেচ্ছা জানান। *[ইত্তেফাক]*

অস্বস্তি কাটিয়ে উঠল সরকার স্থিতিশীলতার স্বার্থেই শিক্ষকদের মুক্তি

আনোয়ারুল করিম: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৪ শিক্ষককে মুক্তি প্রদান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪ শিক্ষককে মুক্তির প্রক্রিয়ার মাধ্যমে অস্বস্তি কাটিয়ে উঠল সরকার। জরুরি বিধিমালার ৩ (৪) বিধি ভঙ্গের অপরাধে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ২ বছরের দণ্ড দেয়ার মাধ্যমে শিক্ষাঙ্গনের পরিস্থিতি আবারও উত্তেজিত হয়ে উঠতে থাকে। গোয়েন্দা সংস্থাগুলোর পরামর্শে সরকারের শীর্ষ পর্যায় থেকে সিদ্ধান্ত হয়, পরিস্থিতি আবারও লেজেগোবরে হওয়ার আগেই অবিলম্বে যে করেই হোক শিক্ষকদের ছেড়ে দিতে হবে। এ সিদ্ধান্তে সায় দেয় সরকারের সহায়ক শক্তিও। ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রশাসনের একাধিক সূত্রে এসব তথ্য জানা গেছে।

শুক্রবার রাত থেকে শুরু হওয়া অস্বস্তি কাটিয়ে উঠতে শিক্ষকদের ব্যাপারে ইতিবাচক মনোভাব নিতে প্রধান উপদেষ্টার সঙ্গে কথা বলেন একজন উপদেষ্টা। সাবেক এ সচিব কারাবন্দি শিক্ষকদের বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করার চেয়েও দেশের স্থিতিশীলতাকেই বড় করে দেখার কথাও বলেন। সর্বশেষ রাষ্ট্রপতির ক্ষমার মাধ্যমে রাজশাহীর ৪ শিক্ষকের মুক্তির বিষয়টি তিনি প্রস্তাব করেন। ঢাবির শিক্ষকদেরও মুক্তি দিতে হবে বলে বোঝানোর চেষ্টা করেন। এ নিয়ে সরকারের শীর্ষপর্যায় থেকে সহায়ক শক্তির পরামর্শও নেয়া হয়।

তবে ঢাবি শিক্ষকদের মামলা চলমান থাকায় বিষয়টি নিয়ে অ্যাটর্নি জেনারেলের সঙ্গে আলোচনার প্রস্তাব দেন। তিনি আরও বলেন, এ ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মামলা প্রত্যাহারের নির্দেশও দেয়া যেতে পারে।

প্রধান উপদেষ্টার সঙ্গে সরকারের আরও দু'জন উপদেষ্টা বিষয়টি নিয়ে আলোচনা করেন বলে জানা গেছে। পরে সরকারের সিদ্ধান্ত মোতাবেক গোয়েন্দা সংস্থার প্রতিনিধিদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষক সমিতির নেতাদের সঙ্গে আলোচনার নির্দেশ দেয়া হয়।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রবিক্ষোভে উস্কানি দেয়া এবং জরুরি বিধিমালা ভঙ্গ করে ক্যাম্পাসে মৌন মিছিল করার দায়ে গত ৪ ডিসেম্বর রাজশাহীর অতিরিক্ত মহানগর মুখ্য হাকিম আদালত ৪ শিক্ষককে দুই বছর করে সশ্রম কারাদণ্ড এবং এক হাজার টাকা করে জরিমানা অনাদায় আরো এক মাসের কারাদণ্ড দেন। একই মামলার অপর দুই অভিযুক্ত আসামী রাবির সাবেক উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খান এবং ফলিত পদার্থবিদ্যা বিভাগের শিক্ষক ও প্রগতিশীল শিক্ষক সমাজের আহবায়ক প্রফেসর আব্দুস সোবহানকে বেকসুর খালাস দেন।

জানা যায়, গত ২১ ও ২২ আগস্ট রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রবিক্ষোভে উস্কানি দেয়া এবং জরুরি বিধিমালা ভঙ্গ করে ক্যাম্পাসে মৌন মিছিল করার অভিযোগে মতিহার থানার তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাদি হয়ে ওই ছয় শিক্ষকের বিরুদ্ধে গত ২৬ আগস্ট মামলাটি দায়ের করেন।

এদিকে চার শিক্ষকের মুক্তির বিষয়টিকে সাধুবাদ জানিয়েছেন বিভিন্ন মহল। তারা সরকারের কাছে কারাবন্দি অন্য শিক্ষকদেরও খুব শীঘ্রই ছেড়ে দেয়ার আহবান জানান।

চাল নিয়ে চালবাজি

রাজনৈতিক সংকটের মত খাদ্য সংকট নিয়ে মাথা ঘামায় না দাতারা

আলী মামুদ

বাংলাদেশের রাজনৈতিক সংকটে দাতা দেশ ও সংস্থাসমূহ যেভাবে এগিয়ে আসে, খাদ্য সংকটে সেভাবে সহযোগিতার হাত বাড়ায় না। পর পর দুটি বন্যা ও একটি ঘূর্ণিঝড়ে বাংলাদেশের ব্যাপক ফসলহানিজনিত খাদ্য সংকট মোকাবিলায় আশাপ্রদ খাদ্য সাহায্য তো আসছেই না, টাকা দিয়ে খাদ্য কিনতেও বিলম্ব ঘটানো হচ্ছে রফতানি কারক দেশের পক্ষ থেকে। বাংলাদেশ সরকার সাড়ে ৭ লাখ টন চাল আমদানির সিদ্ধান্ত নিয়েছে। প্রতিবেশী ভারত থেকে বাংলাদেশী ব্যবসায়ীরা নগদ অর্থে ৮ লাখ টন চাল কিনতে এলসি খুললেও নিষেধাজ্ঞার কারণে তা আমদানি করা যাচ্ছে না। ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী প্রণব মুখার্জী বাংলাদেশে এসে ৫ লাখ টন চাল রফতানির সুযোগ দেবেন বলে প্রতিশ্রুতি দিলেও তা এখনো বাস্তবায়িত হয়নি। তবে এ নিয়ে জোর কূটনৈতিক যোগাযোগ চলছে। গতকাল সোমবার দিল্লীস্থ বাংলাদেশ হাইকমিশন এ নিয়ে ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করেন। আজ মঙ্গলবার ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনার সেগুনবাগিচাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয়ে আসবেন বলে কথা আছে। এদিকে ঢাকাস্থ সৌদী দূতাবাসের একজন প্রতিনিধি গতকাল সোমবার খাদ্য সচিব ড. মোহাম্মদ আইয়ুব মিয়ার সঙ্গে দেখা করেছেন। তিনি সৌদী ত্রাণ সাহায্য সম্পর্কে কথা বলেছেন। আজ পঞ্চম সৌদী জাম্বো জেট আসছে ত্রাণ সাহায্য নিয়ে। উল্লেখ্য, সম্ভাব্য খাদ্য সংকট মেটাতে ভারতীয় ৫ লাখ টন চাল আমদানি ছাড়াও দেড় লাখ টন সৌদী সাহায্যের চাল আসার সম্ভাবনা রয়েছে। পাকিস্তানী প্রতিশ্রুতি অনুযায়ী ১০ হাজার মেট্রিক টন চাল শিগগিরই আসার কথা। বাংলাদেশের রাজনৈতিক সংকটে পশ্চিমা কিছু দেশ ও দাতা সংস্থা হুমড়ি খেয়ে পড়ে। তাদের ঢাকাস্থ কূটনীতিকরা রাজনৈতিক সমস্যা মেটাতে রাতদিন খাটাখাটি করেন। গত বছর থেকে এসব কূটনীতিকের দৌড়ঝাঁপ লক্ষ্য করা যায়। কয়েকজন কূটনীতিবিদের দৌড় দৃষ্টিকটুও ঠেকেছে। কিন্তু পরপর দুটি বন্যার পর সিডরের আঘাতে বাংলাদেশের উপকূলীয় এলাকার ১৫টি জেলা বিধ্বস্ত হলে তারা এসব এলাকা পরিদর্শন করেই দায় এড়াতে চাইছেন বলে পর্যবেক্ষকদের অভিমত। তবে বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিদেশী উন্নয়ন সহযোগীরা প্রাকৃতিক দুর্যোগের কারণে বাংলাদেশের মারাত্মক সংকটের আশংকা করেছেন। তাদের মতে, জিডিপি নির্ধারিত ৬ শতাংশের পরিবর্তে ৫ শতাংশ অর্জিত হবে কিনা সন্দেহ। সরকারি হিসাবে দুদফা বন্যায় ১০ লাখ টন আমন বিনষ্ট হয়েছে। বেসরকারি হিসাবে এই ক্ষতির পরিমাণ ১৩ থেকে ১৫ লাখ টন। গত ১৫ নবেম্বরের ঘূর্ণিঝড় সিডরের আঘাতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ১২ লাখ টন জমির আমন ফসলের ৮০ শতাংশ নষ্ট হয়েছে। এতে ১৩ লাখ টনের বেশি চাল উৎপাদন ঘাটতি হবে বলে কৃষি সম্প্রসারণ বিভাগের তথ্য। বাংলাদেশের মানুষের প্রধান খাদ্য চাল। গম ও খাওয়া হয়। অনেকেই দুবেলা ভাত ও এক বেলা গমের রুটি খান। কিন্তু সম্প্রতি চালের চেয়ে গমের আটার দাম দ্বিগুন হওয়া খাদ্যাভ্যাসও পাল্টেছে। দামের কারণেও অনেকে এখন দুই বেলার বদলে তিন বেলা ভাত খাচ্ছেন। অনেক গৃহিনী আটা-রুটি বানানোর চেয়ে ভাত রান্নায় অধিক স্বাচ্ছন্দ্য বোধ করেন। ফলে চালের চাহিদা অতীতের চেয়ে বাড়ছে। '৯০-এর দশকে চাল আমদানি বৃদ্ধি পেলেও বিগত ১৫ বছরে গণতান্ত্রিক সরকার সমূহের চেষ্টায় দেশে চালের উৎপাদন বাড়ে। ফলে চাল আমদানির পরিমাণ একেবারেই কমে যায়। এখন উদ্ভূত অবস্থায় চাল আমদানির জন্য সম্ভাব্য রফতানিকারী দেশের সন্ধানে নেমেছে সরকার। ভারত, পাকিস্তান, ভিয়েতনাম ও থাইল্যান্ড থেকে চাল আমদানির সুযোগ রয়েছে। কিন্তু সরকার বিভিন্ন সুবিধার জন্য প্রতিবেশী ভারত থেকেই চাল কেনার ব্যাপারে আগ্রহী। কারণ বাংলাদেশে যে ধরনের মোটা চালের প্রচলন তা ভারত পাওয়া যায়। থাইল্যান্ড সর্বো"চ চাল উৎপাদনকারী দেশ হলেও তা উচ্চ দামের কারণে আমদানি পোষাবে না বলে জানা গেছে। এ অবস্থায় ভারতীয় মোটা চালের ওপর বাংলাদেশ সরকার ভরসা করছে। ভারত থেকে চাল আমদানিতে পরিবহন খরচ ও সময় কম লাগে। এছাড়া বাংলাদেশী আমদানি কারকরা ইতিমধ্যেই ভারত থেকে চাল কেনার জন্য ঋণপত্র (এলসি) খুলে দেন। কিন্তু ভারতীয় নিষেধাজ্ঞার কারণে

▶পৃ.৩

লস এঞ্জেলেস, ডিসেম্বর ৭, ২০০৭। বাংলাদেশ পলিটিক্যাল একশন কমিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ইঞ্জিনিয়ার জলিল খান ও অন্যান্যরা সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে ১০,০০০ ডলারের চেক প্রদান করছেন। ছবি-একুশ

লস এঞ্জেলেসের মিডিয়ায় বাংলাদেশ ও প্রবাসীর সংবাদ

একুশ ডেস্ক

বাংলাদেশের ঘূর্ণিঝড়ের সংবাদ সিএনএন-এর মাধ্যমে আন্তর্জাতিকভাবে সারা বিশ্বে ছড়িয়ে পড়ার সাথে সাথে লস এঞ্জেলেসের প্রতিটি টিভি চ্যানেল ছবিসহ সংবাদ দেখাতে থাকে এবং নিউজ মিডিয়ায় ব্যাপকভাবে প্রচার হয়। ফলে মূলধারার মানুষ সমবেদনায় লস এঞ্জেলেসে বসবাসরত প্রবাসীদের প্রতি সহানুভূতিশীলতা প্রদর্শন করে। সকলের পরিবার পরিজনের খোঁজ খবর নেয়। ২০ নভেম্বর, ২০০৭ লস এঞ্জেলেস টাইমস বাংলাদেশ প্রবাসীদের উপর গুরুত্বপূর্ণ ফিচার করে। লস এঞ্জেলেসে বসবাসরত বাংলাদেশীদের মূলধারার কমিউনিটির মানুষ হিসাবে খোঁজ নিয়ে প্রবাসীদের মন জয় করেছে। রাজনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অনেক মর্যাদা বয়ে এনেছে। উক্ত সংবাদে সাংবাদিক টামি আবদুল্লাহ কমিউনিটির মানুষের কাছে এসে জিজ্ঞাসা করেন। জনাব মমিনুল হক বাচ্চুর উপর ছিল হাইলাইট। লস এঞ্জেলেস টাইমস-এর হেড লাইনে উল্লেখ ছিল কনসুলেট অফিস এবং প্রবাসী কমউনিটি রিলিফ সংগ্রহ করছে বাংলাদেশের সাইক্লোনে ক্ষতিগ্রস্থদের জন্য। এই পরিপ্রেক্ষিতে মূলধারার মানুষ ও সংগঠন এগিয়ে আসে সাহায্যের হস্ত সম্প্রসারিত করে। কেটি এলএ টিভি চ্যানেলও বাংলাদেশ কমিউনিটির উপর বিশেষ প্রতিবেদন তৈরী করেছিল।

লস এঞ্জেলেস কনস্যুলেট জেনারেলের বাসভবনে ঘূর্ণিঝড়ের সাহায্যার্থে ফান্ড রেইজিং

একুশ রিপোর্ট

গত ২ ডিসেম্বর, ২০০৭ লস এঞ্জেলেস্থ কনস্যুলেট জেনারেল আবু জাফর বাংলাদেশের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে এক ফান্ড রেইজিং ডিনারের আহ্বান জানান। উক্ত ফান্ড রেইজিং ডিনারে বিদেশী গেস্ট ও গণ্যমান্য প্রবাসী ব্যক্তিবর্গ উপস্থিত হন। কমার্শিয়াল কনসালের পরিচালনায় প্রথমে ক্ষতিগ্রস্থদের উপর সংক্ষিপ্ত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়। ফান্ড রেইজিং অনুষ্ঠানে সমবেদনা জানিয়ে বক্তব্য রাখার জন্য

▶পৃ..২

↑ বক্তব্য রাখছেন ডা: কালি প্রদীপ চৌধুরী। ছবি: একুশ

↑ কেটি এলএ টিভি চ্যানেল বাংলাদেশ কমিউনিটির উপর বিশেষ প্রতিবেদন তৈরী করে। ছবি: একুশ।

আসন্ন বিজয় দিবসে লস এঞ্জেলেসের কর্মসূচী

একুশ রিপোর্ট

বিজয় দিবস উপলক্ষে ১৬ ডিসেম্বরকে সামনে রেখে লস এঞ্জেলেসে বেশ কয়েকটি অনুষ্ঠান হবে বলে জানা গেছে। ১৪ ডিসেম্বর রাত ৮ ট থেকে ১১ টা পর্যন্ত বাংলাদেশ সেন্টারে বাংলাদেশ একাডেমীর অনুষ্ঠান, ১৫ ডিসেম্বর রাত ৯ টা ১ মিনিটে মূলধারা ''আমরা বিজয় দেখেছি'' নামক তিন ঘন্টার অনুষ্ঠান হওয়ার কথা ঘোষণা দিয়েছেন মূলধারার প্রেসিডেন্ট ইসমাইল হোসেন। ১৬ ডিসেম্বর সকাল ১১ টায় বাংলাদেশ সেন্টারে বাংলা পাঠশালা কর্তৃক আয়োজিত হচ্ছে ''বিজয় উল্লাস''। এখানে পাঠশালার ছেলেমেয়ে সহ বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ থাকবে। সূত্রে প্রকাশ, লস এঞ্জেলেস্থ কনস্যুলেট অফিসে বিজয় দিবস উপলক্ষে সকালে এক আলোচনা সভা হবে। ১৬ ডিসেম্বর বিকালে উত্তরণ শিল্পী গোষ্ঠী কর্তৃক বিজয়ের অনুষ্ঠান হবে উকরেনিয়ার অডিটোরিয়ামে (মেলরেজের উপর, ভারমন্ট এবং ভার্জিলের মধ্যবর্তী) বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী কর্মসূচী গ্রহণ করেছে বলে জানা গেছে। বাংলাদেশ আওয়ামী লীগ, যুক্তরাষ্ট্র গত বছরের মতো এবারও ২৯ ও ৩০ ডিসেম্বর, ২০০৭ উদযাপন করছে বিজয় মেলা, শ্যাটো রিক্রিয়েশন সেন্টারে।

বিজয় দিবসের বিশেষ পাতা ▶পৃ..৬,৭,৯

সন্দেহ নিয়ে বিশেষ প্রতিবেদন ▶পৃ..৫,৬